

# রংপুরে ইটভাটা নিয়ে পরিবেশ অধিদপ্তরের মতবিনিময়

## ● নিজস্ব প্রতিবেদক

ইটভাটা স্থাপন ও পরিচালনাসংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট বিধি-বিধান বাস্তবায়নে অংশীজনের মতামত গ্রহণসংক্রান্ত বিষয়ে পরিবেশ অধিদপ্তর রংপুর বিভাগের উদ্যোগে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার পরিবেশ অধিদপ্তর রংপুর বিভাগের উদ্যোগে জেলা প্রশাসন রংপুরের সহযোগিতায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে পরিবেশ অধিদপ্তরের সঙ্গে রংপুর বিভাগের ইট প্রস্তুতকারক মালিক সমিতির মধ্যে ইটভাটা স্থাপন ও পরিচালনা সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট বিধি-বিধান বাস্তবায়নে অংশীজনের মতামত গ্রহণ সংক্রান্ত বিষয়ে মতবিনিময় সভা হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক ড. একেএম রফিক আহাম্মদ উপস্থিত ছিলেন। পরিবেশ অধিদপ্তর, রংপুর বিভাগীয় কার্যালয়ের পরিচালক মো. আবুল কালাম আজাদ ইটের বিবর্তন, ইটভাটা দ্বারা পরিবেশ দূষণ, এ সম্পর্কিত আইনের বিবর্তন প্রভৃতি বিষয়ে একটি তথ্য সমৃদ্ধ সুন্দর উপস্থাপনা পেশ করেন। এসময় রংপুর বিভাগের বিভিন্ন জেলার ইট প্রস্তুতকারক মালিক সমিতির প্রতিনিধিগণ তাদের বিভিন্ন দাবি তুলে ধরেন এবং বাংলাদেশ ইট প্রস্তুত মালিক সমিতি, রংপুর বিভাগের সভাপতি শাহ আবু নাসের মো. মাহবুবুর রহমান বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে সভাপতি করেন মো. আরাফাত রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রংপুর।-বিজ্ঞপ্তি